দৈনিক খবর

তারিখ ... 09 MAR 1991 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

৪

উইলস লিটল স্কুল

## শিক্ষক ও অভিভাবকদের সমাবেশ অনুষ্ঠিত

।। স্টাফ রিপোর্টার ।।

রাজধানীর স্বনামখ্যাত উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের শিক্ষক ও অভিভাবকদের এক সমাবেশে স্কুলের বিরুদ্ধে যেকোন চক্রান্ত মোকাবেলায় অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। দীর্ঘদিন যাবৎ একটি কুচক্রীমহল স্কুলটির জমি আত্মসাৎ করার চক্রান্তে লিপ্ত এ অভিযোগ করে সমাবেশে চক্রান্তকারীদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহবান জানানো হয়েছে।

গতকাল শুক্রবার সকালে কাকরাইলে অবস্থিত স্কুল প্রাঙ্গণে অভিভাবক, বিশেষ ব্যবস্থাপনা কমিটির সদস্য ও শিক্ষক-শিক্ষিকাদের এক যুক্ত সাধারণ সমাবেশে এ কথা বলা হয়। বিশেষ ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান লেঃ কর্নেল লতিফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রায় দুই হাজার অভিভাবক-অভিভাবিকা যোগ দেন। প্রতিষ্ঠানের চলতি দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক মোহাম্মদ শাহ আলম অভিভাবকদের স্বাগত জানিয়ে ও বিদ্যালয়ের কল্যাণে বক্তব্য উপস্থিত করেন। বিদ্যালয়ের ব্যবস্থাপনা পরিষদের সদস্য সৈয়দ মোঃ হেদায়েতুর ইসলাম বিদ্যালয়ের কল্যাণে সকলকে এগিয়ে আসার আহবান জানান।

সমাবেশে গৃহীত প্রস্তাবে বলা হয়ঃ উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের উন্নতি সাধন ও রক্ষার জন্যে পরবর্তী কর্মসূচী গ্রহণের উদ্দেশ্যে আগামী ১৫ই মার্চ বিকেল ৩টায় বিদ্যালয় প্রাঙ্গণে অভিভাবকবৃন্দ, বিশেষ ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষক-শিক্ষিকাদের এক সমাবেশ অনুষ্ঠিত হবে। সমাবেশ শেষে অভিভাবকদের একটি শান্তিপূর্ণ মিছিল বের করা হবে। সমাবেশে উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের জন্য স্থায়ীভাবে জমি বরাদ্দের জন্যে মাননীয় অস্থায়ী রাষ্ট্রপতির কাছে একটি স্মারকলিপি পেশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সমাবেশের অপর এক প্রস্তাবে স্কুলের চলতি দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষক মোহাম্মদ শাহ আলমের ওপর অভিভাবকবৃন্দ পূর্ণ আস্থা ও বিশ্বাস স্থাপন করেন। প্রতিষ্ঠানের উন্নতি সাধন ও কল্যাণের স্বার্থে প্রয়োজনীয় অভিভাবকদের সমন্বয়ে একটি আইন সাহায্য ও পরামর্শ দান কমিটি গঠনের প্রস্তাবও সমাবেশে গৃহীত হয়।